গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
পূর্বধলা, নেত্রকোণা

ই-মেইল unopurbadhala@mopa.gov.bd

**পূর্বধলা উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব জাহিদুল ইসলাম সুজন চেয়ারম্যান, উপজেলা পরিষদ পূর্বধলা, নেত্রকোণা।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, পূর্বধলা।
সভার তারিখ ও সময় : ১৭.১২.২০২০ খ্রি: বেলা:- ১২:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী স্বাক্ষরিতঃ

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত সভায় কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভায় উপস্থিত অত্র উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানবৃন্দ তাদের বক্তব্য উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিভাগের নাম ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | অবকাঠামো-সংস্কার সংক্রান্তঃ/মেরামত/নির্মাণ :<br>(ক) উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পূর্বধলা, সভায় জানান, বিভাগীয় কার্যক্রম চলমান ২০২০-২০২১ অর্থ বৎসরে এডিপি ডিসেম্বরের মধ্যে তালিকা যাচাই বাছাই কার্যক্রমের প্রস্তুতি নিতে হবে।<br>(খ) ধলামূলগাঁও ইউনিয়নের নেত্রকোণা (হাটখলা বাজার) বিন্না সড়কের মালু মিয়ার মিলের নিকট ১.৫০X১.৫০ মিটার বক্স কালভার্ট জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা হয়েছে। | (ক)বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বিস্তারিত আলোচনান্তে চলতি ২০২০-২০২১ অর্থ বৎসরের 'বার্ষিক উন্নয়ন কর্মসূচি বরাদ্দ হতে ধলামূলগাঁও ইউনিয়নের নেত্রকোণা (হাটখলা বাজার) বিন্না সড়কের মালু মিয়ার মিলের নিকটে ১.৫০X১.৫০ মিটার বক্স কালভার্ট নির্মাণের বিল সমন্বয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী পূর্বধলা, নেত্রকোণা। |
| ২. | উপজেলা কৃষি সংক্রান্ত :<br>উপজেলা কৃষি কর্মকর্তা, পূর্বধলা, সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। এ বৎসর কৃষি প্রনোদনা পুনর্বাসন কর্মসূচীর আওতায় ৭১৯০ জন কৃষককে বিনামূল্যে বীজ ও সার বিতরন সফলভাবে সম্পন্ন করা হয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ জানান। এ বৎসর বেশ কয়েক বার বন্যায় আক্রান্ত ফসলের ফলন কিছুটা কম হলেও ধানের বাজার মূল্য ভাল থাকায় কৃষক ভাইয়েরা অত্যন্ত খুশী বাজারে পর্যাপ্ত পরিমানে সার মজুদ রয়েছে ও সরকার নির্ধারিত মূল্যে কৃষকেরা সার পাচ্ছেন বলে তারা সরকারের প্রতি অত্যন্ত খুশী। এ বৎসর বোরো আবাদের লক্ষ্যমাত্রা ২১,৮২০ হে: জমি লক্ষ্যমাত্রার চেয়ে অর্জিত বেশী হবে ভাল আশা ব্যক্ত করেন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সংশ্লিষ্ট সকলকে বিজয়ের শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শেষ করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা কৃষি অফিসারকে বিভাগীয় কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার পূর্বধলা, নেত্রকোণা। |
| ৩. | উপজেলা সমাজসেবা সংক্রান্ত :<br>উপজেলা সমাজসেবা অফিসার পূর্বধলা সভায় জানান যে, দুইটি বিষয়ের ভাতা কার্যক্রম জনগণের মাধ্যমে পৌছে দেওয়া শুরু হলো। প্রতিবন্ধী ভাতা বয়স সংশোধন করে দেওয়া জন্য ইউপি চেয়ারম্যান অনুরোধ করা হলো । | বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সমাজসেবা অফিসার, পূর্বধলা,নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| | ...কল্প বাস্তবায়ন সংক্রান্ত :<br>...জেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পূর্বধলা, সভায় জানান যে, উপজেলা প্রশাসনের সহযোগিতায় এই শীতের সময় কম্বল বিতরণ করছি। বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তাকে বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পূর্বধলা, নেত্রকোণা, |
| ৫. | চেয়ারম্যান ধলামূলগাঁও ইউপি :<br>চেয়ারম্যান ধলামূলগাঁও, ইউনিয়ন পরিষদ, পূর্বধলা সভায় জানান, জামধলা বাজারে সিসি ক্যামেরা স্থাপন করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করছি। তিনি আরও জানান ধলামূলগাঁও ইউনিয়নে গরু চোরের উপদ্রপ বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে প্রশাসনের সহযোগীতা কামনা করছি। | বিস্তারিত আলোচনান্তে ধলামূলগাঁও ইউনিয়ন পরিষদ যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ধলামূলগাঁও ইউপি |
| ৬. | চেয়ারম্যান বিশকাকুনী ইউপি :<br>চেয়ারম্যান বিশকাকুনী, ইউনিয়ন পরিষদ, পূর্বধলা সভায় জানান যে, সিসি ক্যামেরা স্থাপন করার জন্য এই বিজয়ের মাসে ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করছি। | বিস্তারিত আলোচনান্তে বিশকাকুনী ইউনিয়ন পরিষদ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান বিশকাকুনী ইউপি |
| ৭. | বিবিধঃ<br>(ক) উপজেলা নির্বাহী অফিসার পূর্বধলা সভায় জানান যে, উপজেলা পরিষদ চত্তরে কোন শহীদ মিনার না থাকায় মাননীয় সংসদ সদস্য, নেত্রকোণা-৫ উপদেষ্টা আলহাজ্ব ওয়ারেসাত হোসেন বেলাল (বীর প্রতীক) মহোদয়ের সাথে পরামর্শক্রমে চলতি ২০২০-২০২১ অর্থ বছরের টি আর কর্মসূচির মাধ্যমে উপজেলা পরিষদ চত্তরে শহীদ মিনার স্থাপনের জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (টি,আর) কর্মসূচির মাধ্যমে শহীদ মিনার নির্মানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পূর্বধলা, নেত্রকোণা। |
| | (খ) উপজেলা নির্বাহী অফিসার পূর্বধলা ও সভাপতি উপজেলা সেচ কমিটির সভায় গত ০৩.১২.২০২০ ও ১৩.১২.২০২০ খ্রিঃ তারিখে উপজেলা সেচ কমিটির সভার কার্যবিবরণী উপজেলা পরিষদ সভায় অনুমোদনের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে গত ০৩.১২.২০২০ ও ১৩.১২.২০২০ খ্রিঃ তারিখের উপজেলা সেচ কমিটির সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোণা। |
| | (গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ পূর্বধলা, সভায় জানান উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর সেপ্টেম্বর/২০২০ খ্রিঃ মাস হতে ডিসেম্বর/২০২০ খ্রিঃ মাস পর্যন্ত সময়ের দৈনিক ভাতা বাবদ যথাক্রমে ২১,২৫০/- টাকা, ১৭,০০০/- টাকা, ও ১৭,০০০/- টাকার বিল দাখিল করেছেন। তিনি উক্ত দৈনিক ভাতা বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব উত্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ, চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর সেপ্টেম্বর/২০২০ খ্রিঃ মাস হতে ডিসেম্বর/২০২০ খ্রিঃ মাস পর্যন্ত সময়ের উপস্থাপিত দৈনিক ভাতা বাবদ যথাক্রমে ২১,২৫০/-টাকা, ১৭,০০০/- টাকা, ও ১৭,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সবসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোণা। |

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণ সজাগ দৃষ্টি রাখবেন মর্মে আশাবাদ ব্যক্ত করে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(জাহিদুল ইসলাম সুজন)
সভাপতি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পূর্বধলা, নেত্রকোণা।

তারিখঃ ২২.১২.২০২০ খ্রিঃ।

স্মারক নং-০৫.৪৫.৭২৮৩.০০৬.০৬.০০১.০৮-৮৩ (৩৪)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ১৬১-নেত্রকোণা- ৫।
২. সিনিয়র-সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা।
৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা।
৬. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নেত্রকোণা।
৭. উপজেলা........................................................ অফিসার, পূর্বধলা, নেত্রকোণা।
৮. চেয়ারম্যান,....................................................... ইউ, পি (সকল), পূর্বধলা নেত্রকোণা।
৯. জনাব........................................................... সদস্য।

২২/১২/২০২০

উপজেলা নির্বাহী অফিসার
পূর্বধলা, নেত্রকোণা।